দৈনিক ইত্তেফাক
04 SEP 2008
পৃঃ - ৪ কলাম - ৫

# এডেক্সসেলের পাশাপাশি ও/এ লেভেল পরীক্ষা গ্রহণের দায়িত্ব পেল প্ল্যানেট এডু

এখন থেকে ও/এ লেভেল এবং আইজিসি, এস ই পরীক্ষার জন্য ব্রিটিশ কাউন্সিলের পাশাপাশি প্ল্যানেট এডুর যে কোন কেন্দ্রের মাধ্যমে বাংলাদেশের শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন করতে পারবেন।

যুক্তরাজ্যের সবচেয়ে বড় পরীক্ষা বোর্ড এডেক্সসেলের একাডেমিক পরীক্ষার জন্য এতদিন শুধু ব্রিটিশ কাউন্সিলই দায়িত্ব পালন করতো। বাংলাদেশে শিক্ষার্থীদের ক্রমবর্ধমান চাহিদা ও চাপ মোকাবেলার জন্য ভারতভিত্তিক শিক্ষা সহায়ক কোম্পানি প্ল্যানেট এডুকে পরীক্ষা গ্রহণের দায়িত্ব দেয়া হয়েছে। গতকাল বুধবার বাংলাদেশে প্ল্যানেট এডুর আনুষ্ঠানিক যাত্রা শুরু উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এডেক্সসেলের আন্তর্জাতিক সম্পর্ক ব্যবস্থাপক ড. ডেভিড ডেভিস এ তথ্য জানান।

সংবাদ সম্মেলনে আরো বক্তব্য রাখেন প্ল্যানেট এডুর প্রধান নির্বাহী সঞ্জয় মালাভিয়া, এডেক্সসেলের আঞ্চলিক ব্যবস্থাপক সামি বেগ ও বাংলাদেশে এডেক্সসেলের আবাসিক প্রতিনিধি সাইদুর রহমান। সম্মেলনে বলা হয়, প্রতিবছর ৫০ হাজারেরও বেশি শিক্ষার্থী এডেক্সসেলের অধীনে ব্রিটিশ কাউন্সিলে ও/এ লেভেল পরীক্ষা দিয়ে থাকে। কিন্তু প্রতিবছরই শিক্ষার্থীর সংখ্যা বাড়ছে। ফলে শিক্ষার্থীদের ক্রমবর্ধমান চাহিদার কারণে প্ল্যানেট এডুকেও ব্রিটিশ কাউন্সিলের পাশাপাশি পরীক্ষা গ্রহণের দায়িত্ব দেয়া হয়েছে। – প্রেস বিজ্ঞপ্তি